গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক: ৩৮.০০.০০০০.৫০১.১৮.০০১.২৫- ০৭

তারিখ: ০১ মাঘ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

## অ্যাসেসর পুল গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপানুষ্ঠানিক শিক্ষা আইন, ২০১৪ এবং বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF)-এর আলোকে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রিভোকেশনাল লেভেল কোর্সসমূহের শিক্ষার্থীদের জাতীয় পর্যায়ে সনদায়নের লক্ষ্যে অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য একটি কেন্দ্রীয় অ্যাসেসর পুল রয়েছে। উক্ত অ্যাসেসর পুল সম্প্রসারণের উদ্দেশ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত অকুপেশনের বিপরীতে এবং বিবৃত শর্তাবলীর আলোকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১. অকুপেশনের নাম:

ক) ইলেকট্রিক্যাল ইনস্টলেশন অ্যান্ড মেইনটেনেন্স খ) ম্যাশনারি অ্যান্ড রড বাইন্ডিং গ) প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিংস ঘ) অ্যালুমিনিয়াম ফেব্রিকেশন ঙ) বিউটি কেয়ার চ) টেইলরিং অ্যান্ড ড্রেস মেকিং ছ) কম্পিউটার অপারেশন অ্যান্ড গ্রাফিক্স ডিজাইন জ) কনজিউমার ইলেকট্রনিক্স ঝ) মোবাইল ফোন সার্ভিসিং ঞ) রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট) অটোমোটিভ মেকানিক্স ঠ) ফুড অ্যান্ড বেভারেজ (প্রোডাকশন অ্যান্ড সার্ভিসিং) ড) ফ্রন্টডেস্ক ম্যানেজমেন্ট অ্যান্ড হাউজ কিপিং ।

২. যোগ্যতা:

ক) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে অ্যাসেসর হিসেবে সনদপ্রাপ্ত হতে হবে।
খ) সংশ্লিষ্ট ট্রেড/অকুপেশনে প্রাসঙ্গিক শিক্ষাগত যোগ্যতা ও বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
গ) মূল্যায়ন কার্যক্রমে অভিজ্ঞ প্রার্থীগণ বিশেষভাবে বিবেচিত হবেন।

৩. অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির প্রক্রিয়া:

- প্রাথমিকভাবে যোগ্য আবেদনকারীদের বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে যাচাই-বাছাই ও মৌখিক পরীক্ষার মাধ্যমে অ্যাসেসর পুলের প্রাথমিক তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।
- পরবর্তীতে নির্বাচিত প্রার্থীদের জন্য দুই দিনের নির্ধারিত ওরিয়েন্টেশন এবং এক দিনের কম্পিটেন্সি ভ্যালিডেশন পদ্ধতিতে মূল্যায়নের মাধ্যমে অ্যাসেসমেন্ট ও সনদায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে, যা যথাযথ সময়ে বোর্ড কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
- বিজ্ঞাপিত পুলে অন্তর্ভুক্তি প্রাথমিকভাবে এক বছর বলবৎ থাকবে। পরবর্তীতে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড নির্ধারিত ফি ও শর্তপূরণ সাপেক্ষে অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির মেয়াদ বর্ধিত করা যেতে পারে।

৪. জেলা অগ্রাধিকার ও দায়িত্ব বণ্টন:

- অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির আবেদনপত্রে আবেদনকারীকে ঢাকা ব্যতীত সর্বোচ্চ ৩ (তিন)টি (একটি বিভাগের দুইটির অধিক জেলা নয়) জেলার নাম অগ্রাধিকারক্রমে উল্লেখ করতে হবে, যেখানে তিনি নিয়মিতভাবে অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনায় আগ্রহী ও স্বয়ং উপস্থিত থেকে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবেন। উল্লেখিত জেলাসমূহকে অধিক্ষেত্র হিসেবে বিবেচনা করে অ্যাসেসর নিয়োগ ও অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত অগ্রাধিকার পরিবর্তনের পাশাপাশি বাংলাদেশের যে কোনো জেলায় অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য অ্যাসেসরকে দায়িত্ব প্রদানের অধিকার সংরক্ষণ করে।
- পরবর্তীতে জেলা পরিবর্তন বা হালনাগাদকরণের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক পৃথক বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে, নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদনকারী তার অগ্রাধিকারকৃত জেলার তালিকা হালনাগাদ করার সুযোগ পাবেন।

৫. আবেদন ফি:

অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীদের ৪০০/- (চারশত) টাকা মাত্র আবেদন ফি প্রদান করতে হবে। এই আবেদন ফি কেবল CHAIRMAN, BOARD OF NON FORMAL EDUCATION, A/C NO: 0200022767322 বরাবর পে-অর্ডার-এর মাধ্যমে পরিশোধযোগ্য।

৬. আবেদন পদ্ধতি ও সময়সীমা:

যে সকল অ্যাসেসরগণ অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে ইচ্ছুক, তারা নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক ২৫ জানুয়ারি ২০২৬ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে আবেদন অনলাইনে (https://forms.gle/9sFxjvdZcwV9bAcB9) দাখিল করবেন এবং পে-অর্ডারের মূলকপি সহ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে হার্ডকপি চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮ বরাবর ডাকযোগে প্রেরণ করবেন। সময়সীমা অতিক্রান্ত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

৭. সাধারণ শর্তাবলি:

- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনে উল্লেখিত সকল যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে উপস্থাপন করতে হবে।
- যাচাই-বাছাই ও অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তি বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এই বিজ্ঞপ্তির যেকোনো অংশ সংশোধন বা পরিবর্তনের অধিকার উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

দেবব্রত চক্রবর্তী
১৫/০১/২০২৬

(দেবব্রত চক্রবর্তী)
(যুগ্মসচিব)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
চেয়ারম্যান
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
ফোন: ০২-২২৬৬০১১১০
ই-মেইল: dg@bnfe.gov.bd

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। নিবন্ধক (নিবন্ধন/সনদায়ন/অ্যাক্রিডিটেশন), উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২। পরীক্ষা নিয়ন্ত্রক, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৩। সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৪। সহকারী নিবন্ধক (নিবন্ধন), উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৫। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
৬। অফিস কপি

# উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড

## অ্যাসেসর পুলে অন্তর্ভুক্তির আবেদন ফরম

ছবি

(পাসপোর্ট সাইজ রঙিন ছবি, সাদা ব্যাকগ্রাউন্ড)

তারিখ:................

বরাবর
চেয়ারম্যান
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮।

১. প্রার্থীর নাম:..........................................................................................

২. ঠিকানা:

বর্তমান ঠিকানা: ..........................................................................................
..........................................................................................
..........................................................................................

স্থায়ী ঠিকানা:..........................................................................................
..........................................................................................
..........................................................................................

মোবাইল:.......................................ই-মেইল:.......................................

৩. জাতীয় পরিচয়পত্র নম্বর:..........................................................................................

৪. জন্ম তারিখ:..........................................................................................

৫. লিঙ্গ: পুরুষ মহিলা অন্যান্য

৬. যে অকুপেশনে অ্যাসেসর হতে আগ্রহী (বিজ্ঞপ্তিতে উল্লেখিত অকুপেশনের তালিকা অনুযায়ী):
..........................................................................................

৭. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | প্রতিষ্ঠান | পাশের বছর | ফলাফল | বোর্ড |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

৮. শিল্প অভিজ্ঞতা:

| প্রতিষ্ঠানের নাম | পদবী | পেশা | দায়িত্ব | সময়কাল (বছর) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

৫

৯. অর্জনসমূহ (প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা সংযুক্ত করুন):

| সেক্টর | পেশা | লেভেল | CBT&A সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠানের নাম | অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

১০. যে সকল পেশায় মূল্যায়ন পরিচালনায় দক্ষ এবং অভিজ্ঞ:

| ক্রমিক | সেক্টর | পেশা | লেভেল |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

১১. জেলা অগ্রাধিকার:

| ক্রমিক | জেলার নাম |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |

**শর্তাবলী**

- আবেদনকারীকে ঢাকা ব্যতীত সর্বোচ্চ ৩ (তিন)টি (একটি বিভাগের দুইটির অধিক জেলা নয়) জেলার নাম অগ্রাধিকারক্রমে উল্লেখ করতে হবে, যেখানে তিনি নিয়মিতভাবে অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনায় আগ্রহী ও স্বয়ং উপস্থিত থেকে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবেন।
- উল্লেখিত জেলাসমূহকে অধিক্ষেত্র হিসেবে বিবেচনা করে অ্যাসেসর নিয়োগ ও অ্যাসাইনমেন্ট প্রদান করা হবে।
- পরবর্তীতে অধিক্ষেত্র পরিবর্তন বা হালনাগাদের প্রয়োজন হলে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আবেদনকারী তার অগ্রাধিকারকৃত জেলার তালিকা হালনাগাদ করার সুযোগ পাবেন।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে উক্ত অগ্রাধিকার তালিকা পরিবর্তনের পাশাপাশি বাংলাদেশের যে কোনো জেলায় অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য অ্যাসেসরকে দায়িত্ব প্রদানের অধিকার সংরক্ষণ করে।
- অ্যাসেসমেন্ট কার্যক্রম কোনো স্থায়ী/অস্থায়ী/নিয়মিত চাকুরি নয়। পুলভুক্ত অ্যাসেসর উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষার্থী প্রতি নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন।

**আবেদনকারীর ঘোষণা**

আমি প্রত্যয়ন করছি যে, আমার জানামতে উপরে উল্লিখিত তথ্যসমূহ সত্য। যদি কোন তথ্য অসত্য প্রমাণিত হয় তা হলে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড আমার আবেদন বাতিল করতে পারবে।

তারিখ:.................................... প্রার্থীর স্বাক্ষর ও পূর্ণ নাম